একই তারিখ ও স্মারক অপরিবর্তিত রেখে সংশোধিত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

(www.jessoreboard.gov.bd)

২০১৪ সনের এসএসসি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং ঃ পনি/মাধ্য/৬৩/৭২৭ তারিখ ঃ ১৮-৯-২০১৩

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোরের আওতাধীন সকল অনুমোদিত মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যশোর শিক্ষা বোর্ডের অধীনে ২০১৪ সনে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার online এ পরীক্ষার্থী নির্বাচন (e-ES) ও প্রয়োজনীয় ফি জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হ'ল।

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ
১.	রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন এবং আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী (যার ক্ষেত্রে যতটি প্রযোজ্য) হিসেবে পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ ঃ নোট ঃ যে সকল পরীক্ষার্থী ২০১৩ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০(পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য ২০১৪ সালের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়।	২৪/৯/২০১৩
২.	২০০৯-২০১০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনধারী কেবল এক বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) অকৃতকার্য শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ নবায়নের শেষ তারিখঃ	৩১/১০/২০১৩
৩.	নির্বাচনী পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ ঃ	০৪/১১/২০১৩
৪.	স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের Sub Domain এর Student Management এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন	১০/১১/২০১৩
৫.	প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম নিম্নোক্ত ছকে উল্লিখিত সময়ে সম্পন্ন করার তারিখ ঃ উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় বিদ্যালয় প্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে। প্রয়োজনে চাহিবামাত্র তা বোর্ডে জমা দিতে হবে।	১০/১১/২০১৩ হতে ১৭/১১/২০১৩
৬.	যশোর শিক্ষা বোর্ডের অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, বি.আই.এস.ই, যশোর শাখায় পরিচালিত **STD-69** নম্বর একাউন্টে বিলম্ব ফি ছাড়া টি.টি করার শেষ তারিখ ঃ	১৭/১১/২০১৩
৭.	পরীক্ষার্থী প্রতি ১০০/-(একশত টাকা) হারে বিলম্ব ফিসহ **STD-69** নম্বর একাউন্টে টি.টি. করার শেষ তারিখঃ	২৪/১১/২০১৩
৮.	ইতিপূর্বে online এ নিবন্ধনের জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানে প্রদত্ত password ব্যবহার করে পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। বিস্তারিত এসএসসি পরীক্ষার্থী নির্বাচন ম্যানুয়ালে (e-ES) পাওয়া যাবে।	

০২। **বিভিন্ন প্রকার ফিসের হার ঃ ক) পরীক্ষা ফিস ঃ**

পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার ফি (প্রতিপত্র/ বিষয়)	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতিপত্র)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী)	সনদপত্র ফি (প্রতি পরীক্ষার্থী)	রিটেনশন ফি (প্রতি পরীক্ষার্থী)	অনুমতি/ তালিকাভুক্তি ফি(প্রতি পরীক্ষার্থী)	বয় স্কাউট/ গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী)	ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতি প্রতিষ্ঠান)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
নিয়মিত পরীক্ষার্থী	৬৫/-	৩০/-	৩৫/-	১০০/-	-	--	১৫/-	৫/-	
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি	৬৫/-	৩০/-	৩৫/-	১০০/-	১০০/-	--	১৫/-	৫/-	
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে	৬৫/-	৩০/-	৩৫/-	-	১০০/-	--	১৫/-	৫/-	২০০/-
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	৬৫/-	৩০/-	৩৫/-	১০০/-	-	১০০/-	১৫/-	৫/-	

অপর পাতায় দ্রষ্টব্য ঃ

খ) বিলম্ব ফিস ঃ প্রতি পরীক্ষার্থী (যার বেলায় প্রয়োজ্য) ১০০/- (এক শত) টাকা।

গ) কেন্দ্র ফিস ঃ (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবের বরাবর জমা দিতে হবে)

১) সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (জনপ্রতি) ২০০/- (দুইশত) টাকা।

২) সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (জনপ্রতি) ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা।

উল্লেখ্য, কোন অবস্থাতেই নির্ধারিত ফিসের অতিরিক্ত কোন ফিস গ্রহণ করা যাবে না।

৩। **নিয়মিত পরীক্ষার্থী** ঃ ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী ছাত্র/ছাত্রীগণ ২০১৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করবে। তারা ২০১৪ সনের এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণে যোগ্য সকল পরীক্ষার্থী ঐচ্ছিক বিষয়ের সুবিধা পাবে।

৪। **অনিয়মিত পরীক্ষার্থী** ঃ

ক) ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০১২ এবং ২০১৩ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

খ) ২০১৩ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ঐচ্ছিক (৪র্থ) বিষয় বাদে ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৪ সনের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তবে, তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১২ সনের এসএসসি পরীক্ষায় ঐচ্ছিক (৪র্থ) বিষয় বাদে ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০১৩ সনের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৪ সনের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা এবং ঐচ্ছিক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

ঘ) **রেজিস্ট্রেশন নবায়ন** ঃ যে সকল পরীক্ষার্থী (২০০৯-২০১০ শিক্ষাবর্ষে) কেবল ঐচ্ছিক (৪র্থ) বিষয় বাদে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ তারা বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশনের মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০১৪ সনের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে। ইতিপূর্বের পরীক্ষায় তাদের অংশ গ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপিএ-র সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

ঙ) **রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া** ঃ ঘ এ উল্লিখিত রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থী নির্বাচনের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২০০/- (দুইশত) টাকা হারে বোর্ডের সচিবের অনুকুলে সোনালী ব্যাংকের ডি.ডি. এর মাধ্যমে বোর্ডের হিসাব গ্রহণ শাখায় জমাদান পূর্বক প্রাপ্ত রশিদের ফটোকপিসহ নিম্নে ছক অনুযায়ী দুই কপি তালিকা, মূল রেজিস্ট্রেশন কার্ড ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীর টেবুলেশন শীটের সত্যায়িত ফটোকপিসহ **বিদ্যালয় পরিদর্শক এর দপ্তরে ৩১/১০/২০১৩ তারিখের মধ্যে** জমা দিয়ে নবায়নকৃত রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর প্রার্থীতা গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য প্রবেশপত্র গ্রহণের সময় নবায়কৃত মূল নিবন্ধন কার্ড প্রদর্শন পূর্বক সত্যায়িত ফটোকপি জমা দিয়ে নবায়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র মাধ্যমিক পরীক্ষা শাখা হতে সংগ্রহ করতে হবে।

"ছক"

পূর্ববর্তী পরীক্ষার সন ও রোল নম্বর	পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম	রেজিঃ নম্বর ও শিক্ষাবর্ষ	যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজিঃ কৃত তার নাম	অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর
১	২	৩	৪	৫

৫। ০১-০১-২০১৪ তারিখে ১৪(চৌদ্দ) বছরের কম অথবা ২০ (কুড়ি) বছরের উর্দ্ধ বয়সী কোন ছাত্র/ছাত্রী ২০১৪ সালের মাধ্যমিক পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষা দিতে পারবে না।

৬। নিবন্ধনবিহীন/নিবন্ধনের সময়সীমা উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না। probable list-এ তাদের নাম online-এ প্রেরণ করা হবে না।

৭। **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন** ঃ কোন অবস্থাতেই এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে, পরীক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের বদলিজনিত কারণে online এ ফরম পূরণের সময় বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীর নাম তালিকাভুক্ত করা না গেলে সেক্ষেত্রে বোর্ডের অনুমতিক্রমে বিদ্যালয় পরিবর্তনকারী পরীক্ষার্থীকে বিদ্যালয় পরিদর্শক মহোদয়ের ছাড়পত্র (T.C) এর সত্যায়িত ফটোকপিসহ পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের নিকট ২ কপি আবেদন জমা দিতে হবে। নিবন্ধন বহির্ভুত কোন পরীক্ষার্থী নির্বাচন করা শাস্তিযোগ্য অপরাধ।

২০/১০/১৩

অপর পাতায়-৩

৮। অন্য বোর্ড থেকে আগত পরীক্ষার্থীর নিবন্ধন রশিদ অত্র বোর্ডের নিবন্ধন বিভাগে জমাদানপূর্বক যথাসময়ে পুনরায় অত্র বোর্ড হতে নিবন্ধন সংগ্রহ করে পরীক্ষার্থী নির্বাচন করতে হবে।

৯। **জিপিএ উন্নয়ন** ঃ কেবলমাত্র ২০১৩ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৪ সনের পরীক্ষায় জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০১৪ সনের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। তবে, যে সকল পরীক্ষার্থী ২০১২ সানের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে (ঐচ্ছিক বিষয় বাদে) অকৃতকার্য হয়ে ২০১৩ সনে এসএসসি পরীক্ষাথীয় হিসেবে উক্ত বিষয় বা বিষয়সমূহ অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে, তারা ২০১৪ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশ গ্রহন করতে পারবে না।

১০। **বহিস্কৃত পরীক্ষার্থী** ঃ বহিস্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৪ সনের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। রেজিস্ট্রেশনের মেয়াদ নবায়ন করা যাবে না।

১১। **চতুর্থ বিষয়ের সুবিধা** ঃ ২০১০-২০১১ ও ২০১১-২০১২ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০১২ ও ২০১৩ সনের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০১৪ সনে পরীক্ষা দিলে ৪র্থ বিষয়ের সুবিধা পাবে এবং ২০১০-২০১১ ও ২০১১-২০১২ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা যারা ২০১২ ও ২০১৩ সনের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য হয়েছে ২০১৪ সনের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/ বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

১২। **পরীক্ষায় অংশ গ্রহণের বিষয়/বিষয়সমূহ:** শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয়/বিষয়সমূহেই তাকে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। বোর্ডের অনুমতিক্রমে বিষয় পরিবর্তন না করে রেজিস্ট্রেশন কার্ড বর্হিভূত কোন বিষয়/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/বিষয়সমূহ বাদ দিয়েই তার ফল প্রকাশ করা হবে।

১৩। অত্র বোর্ডের অধীনে কেউই প্রাইভেট পরীক্ষা দিতে পারবে না।

১৪। **স্ক্রাইব নিয়োগ** ঃ বোর্ডের অনুমতিক্রমে কোন অন্ধ প্রতিবন্ধী, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী স্ক্রাইব (শ্রুতি লেখক) সংগে নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে চাইলে তার ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে শ্রুতিলেখক নিজ প্রতিষ্ঠানের অষ্টম শ্রেণীতে অধ্যয়নরত হতে হবে। এ ধরনের পরীক্ষার্থীদের জন্য ২০ মিনিট সময় বৃদ্ধি বিধান কার্যকর থাকবে। পরীক্ষার্থীকে অবশ্যই বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উল্লিখিত বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে ডাক্তারের সনদ/প্রতিবন্ধিদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদ, আবেদনকারী ও স্ক্রাইব (শ্রুতিলেখক) উভয়ের পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি করে সত্যায়িত ছবি এবং শ্রুতিলেখক অভিভাবকের সম্মতিপত্র ও প্রধান শিক্ষক কর্তৃক ৮ম শ্রেণীতে অধ্যয়নের প্রত্যয়নপত্র আগামী ৩১/১২/২০১৩ তারিখের মধ্যে মাধ্যমিক পরীক্ষা দপ্তরে জমা দিতে হবে।

১৫। কেবলমাত্র যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে ক্রীত সোনালী ব্যাংকের যে কোন শাখার টি,টি মারফত ফিস গ্রহণ করা হবে। গৃহীত ফিস কোনক্রমেই ফেরতযোগ্য নয়। পরীক্ষার ফিস বাবদ প্রাপ্য টাকার কম পরিমান টাকা জমা দিলে আনুপাতিক হারে পরীক্ষার আবেদন ফরম বাতিল হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট বিদ্যালয়ের ফলাফল অপ্রকাশিত রেখে বকেয়া আদায় করা হবে। সেক্ষেত্রে বকেয়া ফিসের পরিমাণ অনুযায়ী আনুপাতিক হারে বিলম্ব ফিস দিতে হবে।

১৬। **পরীক্ষার মাধ্যম** ঃ বাংলা/ইংরেজি মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহনে ইচ্ছুক পরীক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী ০২ কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ৩০/৯/২০১৩ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি মাধ্যমে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে পরীক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

উল্লেখ্য যে, বেসিক ট্রেড(১৩৫) বিষয়ের ছাত্র/ছাত্রীর তালিকা অত্রসাথ জমা দিতে হবে।

"ছক"

ক্রমিক নং	শাখা	বিষয়	বিষয় কোড	পরীক্ষার্থী সংখ্যা

১৭। পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কোন অভিযোগ দায়ের করতে হলে অভিযোগকারীকে (অত্র বোর্ডের সচিবের অনুকূলে ক্রীত) ২০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট অভিযোগ দায়ের ফিস হিসেবে জমা দিতে হবে।

১৮। **পুনঃনিরীক্ষা** ঃ যে সকল পরীক্ষার্থী উত্তরপত্র পুনঃনিরীক্ষার আবেদন করতে ইচ্ছুক তাদেরকে ফলাফল প্রকাশের পর আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সিদ্ধান্তের আলোকে নির্ধারিত সময়সীমার মধ্যে টেলিটকের মাধ্যমে SMS করতে হবে। কোন ক্রমেই আবেদন বোর্ডে জমা নেয়া হবে না। পুনঃনিরীক্ষার ফিস প্রতিপত্র ১৫০/- টাকা। বাংলা ও ইংরেজি বিষয়ের ক্ষেত্রে ৩০০/- টাকা।

অপর পাতায়-৪

পাঠ্যসূচি ঃ

ক) ২০০৯-২০১০ শিক্ষা বর্ষের পরীক্ষার্থীদের জন্য বাংলা ১ম পত্র, ইসলাম শিক্ষা, হিন্দু ধর্ম শিক্ষা, বৌদ্ধ ধর্ম শিক্ষা, খ্রিষ্ট ধর্ম শিক্ষা, সাধারণ বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, ভূগোল ও ব্যবসায় পরিচিতি বিষয়সমূহের সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে এবং সৃজনশীল ব্যতীত অন্যান্য বিষয়ের প্রশ্ন পূর্বের ধারা অনুযায়ী প্রণীত হবে।

খ) ২০১০-২০১১ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য বাংলা ১ম পত্র, ইসলাম শিক্ষা, হিন্দু ধর্ম শিক্ষা, বৌদ্ধ ধর্ম শিক্ষা, খ্রিষ্ট ধর্ম শিক্ষা, সাধারণ বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, ভুগোল, ব্যবসায় পরিচিতি, অর্থনীতি, পৌরনীতি, ইতিহাস, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, হিসাব বিজ্ঞান, ব্যবসায় উদ্যোগ, বাণিজ্যিক ভুগোল, কম্পিউটার শিক্ষা, কৃষি শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়সমূহের সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে এবং সৃজনশীল ব্যতীত অন্যান্য বিষয়ের প্রশ্ন পূর্বের ধারা অনুযায়ী প্রণীত হবে।

গ) ২০১৩ সালের এসএসসি পরীক্ষায় ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য বাংলা ১ম পত্রের প্রশ্ন ২০১১ সালে সিলেবাস অনুযায়ী এবং ২০১০-২০১১, ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য বাংলা ১ম পত্রের প্রশ্ন ২০১৪ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রণীত হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নপত্র ২০১৪ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত হবে। উল্লেখ্য, ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের বাংলা ১ম পত্রের সিলেবাস অভিন্ন।

২০। ক) মাধ্যমিক পরীক্ষায় কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

খ) পরীক্ষায় সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।

(প্রফেসর মুহম্মদ আবু দাউদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন ঃ ০৪২১-৬৮৬৬৬

স্মারক নংঃ পনি/মাধ্য/৬৩/৭২৭ তারিখ ঃ ১৮-০৯-২০১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল ঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রনালয়, গনপ্রজাতন্ত্রী বাংলদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।

৬। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগাম/বরিশাল/সিলেট/যশোর/দিনাজপুর ।

৩। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।

৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর ।

৭। বিদ্যালয় পরিদর্শক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/যশোর/দিনাজপুর ।

৮। সিষ্টেম এনালিষ্ট, যশোর শিক্ষা বোর্ড কম্পিউটার সেল, যশোর শিক্ষা বোর্ড, যশোর।

৪। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা ।

৯। জেলা শিক্ষা অফিসার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল ।

১০। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার ।

১১। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ।

১৩। অত্র শিক্ষা বোর্ডের আততাধীন সকল মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব।

১২। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যলয়ের প্রতিষ্ঠান প্রধান ।

১৪। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা/সেকশন অফিসার ।

১৬। সংশ্লিষ্ট নথি।

(সৈয়দ রকিবুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যঃ) (ভার)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন ঃ ০৪২১-৬৫৫১০